



সভার সারসংক্ষেপ

গত ২৩ শে এপ্রিল ২০২৩ ইং তারিখ রোজ রবিবার সন্ধ্যা ৬:৪৫ মিনিটে চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট মাঠে চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপদেষ্টা কমিটি ও নির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন নির্বাহী কমিটির সভাপতি জনাব আব্দুল মজীদ।

সভায় অংশগ্রহণকারীদের তালিকা (পরিশিষ্ট-ক) —এ সন্নিবেশিত রয়েছে।

এতদ্বারা চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সম্মানিত সদস্যগণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য উক্ত সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত তুলে ধরা হলো।

সভার সিদ্ধান্তসমূহঃ

- ১। অ্যাসোসিয়েশনের সকল সদস্যদের জন্য দ্রুত ইউনিক আইডি নম্বরসহ মেম্বারশিপ এর ব্যবস্থা করতে হবে।
- ২। অ্যাসোসিয়েশনের আর্থিক লেনদেন এর জন্য একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলতে হবে।
- ৩। সবাইকে যে যার জায়গা থেকে অ্যাসোসিয়েশনের ফেইসবুক গ্রুপ ও পেইজ এর প্রচারণা বাড়াতে হবে।
- ৪। ফেইসবুক গ্রুপ প্রাইভেট করে চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট এর ছাত্র বাদে অন্য কেউ গ্রুপে থাকলে তাকে বাদ দিতে হবে, পরবর্তী নতুন শিক্ষার্থীদের জয়েনের ক্ষেত্রে শুধুমাত্র চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট এর শিক্ষার্থী হতে হবে এবং ফেইসবুক পেইজটি সবার জন্য উন্মুক্ত থাকবে।
- ৫। চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট এর ১৫ বছর পূর্তি উপলক্ষ্যে ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অ্যাসোসিয়েশন সর্বাঙ্গিক সহায়তা প্রদান করবে।
- ৬। মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে জুম মিটিং এর ব্যবস্থা করতে হবে এবং উক্ত মিটিং এ কমিটির সকল সদস্যর অংশগ্রহণ বাধ্যতামূলক।
- ৭। ইনস্টিটিউট এ যে সকল প্রাক্তন শিক্ষার্থীর তথ্য সংরক্ষিত আছে তা নিয়ে উক্ত ছাত্রদের অ্যাসোসিয়েশনের ব্যাপারে রিমাইন্ডার দিতে হবে। প্রাক্তন শিক্ষার্থীর তালিকা সংগ্রহে আব্দুল জাক্বার, সহ-সভাপতি, সিপিআইএএ সাহায্য করবে।
- ৮। সকল ডিপার্টমেন্ট, সেমিষ্টার ও সিসফট থেকে অ্যালামনাই রিপ্রেজেন্টেটিভ মনোনীত করতে হবে।
- ৯। কার্যনির্বাহী কমিটির সকল সদস্যর ছবি সম্বলিত ব্যানার ইন্সটিটিউটে ঝুলানোর ব্যবস্থা করতে হবে।
- ১০। প্রতি ডিপার্টমেন্ট, সেমিষ্টার ও সিসফট থেকে চলমান কৃতি শিক্ষার্থীর জন্য সম্মাননা পুরস্কার স্বরূপ ক্রেস্ট প্রদান করা যেতে পারে এবং উক্ত অনুষ্ঠানে বিভিন্ন জায়গায় কর্মরত প্রাক্তন শিক্ষার্থীরা চলমান শিক্ষার্থীদের সাথে দিক নির্দেশনামূলক আলোচনা করতে পারে।
- ১১। বিভিন্ন জাতীয় প্রোগ্রাম যেমন: ২১ ফেব্রুয়ারী, ২৬ শে মার্চ, ১৬ই ডিসেম্বর ইত্যাদি এ অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে অংশগ্রহণ করতে হবে।
- ১২। অ্যাসোসিয়েশনের সদস্যগণ যখন অন্যদের সাহায্য করবে তার কৃতিত্ব অ্যাসোসিয়েশনের নামে প্রচার করা হবে।
- ১৩। অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে অত্র ইনস্টিটিউটে অধ্যয়নরত গরীব শিক্ষার্থীকে সহায়তা প্রদান করা হবে।
- ১৪। অ্যাসোসিয়েশনের সদস্যদের দ্বারা স্কিল ডেভেলপমেন্ট কর্নার করা যেতে পারে যা দ্বারা শিক্ষার্থীরা উপকৃত হবে।
- ১৫। ইন্টারশিপ এ শিক্ষার্থীদের সহায়তা প্রদান করতে হবে।
- ১৬। বাৎসরিক ইফতার প্রোগ্রাম আয়োজনে প্রতিটি অ্যালামনাই সদস্যের জন্য ফি/চাঁদা ধার্য না করে কিভাবে ইফতার প্রোগ্রাম সফল করা যায় সে বিষয়ে কার্যনির্বাহী কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা করবে।
- ১৭। অ্যাসোসিয়েশনে জব প্লেসমেন্ট অফিসার থাকতে পারে যে/যারা নতুনদের চাকুরী এর ব্যাপারে সহায়তা প্রদান করবে।

A Moid

আব্দুল মজীদ

সভাপতি

কার্যনির্বাহী কমিটি, সিপিআইএএ।



পরিশিষ্ট-ক

অংশগ্রহণকারীদের তালিকা: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে:)

১. আবুল কালাম আজাদ, উপদেষ্টা, CPIAA।
২. আজিম আলী, উপদেষ্টা, CPIAA।
৩. শহিদুল ইসলাম, উপদেষ্টা, CPIAA।
৪. বিশ্বজিত দাস, উপদেষ্টা, CPIAA।
৫. রহমাতুল্লাহ, উপদেষ্টা, CPIAA।
৬. মেসবাবুল হক, উপদেষ্টা, CPIAA।
৭. আব্দুল মজীদ, সভাপতি, CPIAA।
৮. আব্দুল জাক্বার, সহ-সভাপতি, CPIAA।
৯. ওয়ালিদ হাসান, যুগ্ম-সাধারণ সম্পাদক, CPIAA।
১০. মাসুক রায়হান রাতুল, দপ্তর সম্পাদক, CPIAA।
১১. মাহাবুব হোসেন, সাহিত্য ও প্রকাশনা বিষয়ক সম্পাদক, CPIAA।
১২. মো: হাসিবুল হাসান, সহ-প্রচার সম্পাদক, CPIAA।
১৩. শাকিল খান, নির্বাহী সদস্য, CPIAA।

A Mojid

আব্দুল মজীদ
সভাপতি
কার্যনির্বাহী কমিটি, CPIAA।